# অগ্রগতি প্রতিবেদন: ২৬ জানুয়ারি ২০২১ পর্যন্ত

**প্রকল্পের নাম: বাংলাদেশের উদ্ভিদ প্রজাতির জাতীয় রেড লিষ্ট প্রণয়ন এবং পাঁচটি নির্বাচিত সংরক্ষিত বনাঞ্চলের ভিনদেশী আগ্রাসী উদ্ভিদ ব্যবস্থাপনার কৌশলপত্র উদ্ভাবন।**

**Name of the Project: Developing Bangladesh National Red List of Plant and Developing Management Strategy of Invasive Alien Species (IAS) of Plants in Selected Protected Areas (PAS).**

**প্রকল্পের উদ্দেশ্য:** বাংলাদেশের উদ্ভিদ প্রজাতির জাতীয় রেড লিস্ট প্রণয়নের মাধ্যমে জীববৈচিত্র্য সংরক্ষণে কার্যকরী ব্যবস্থা গ্রহণ এবং ভিনদেশী আগ্রাসী উদ্ভিদ ব্যবস্থাপনার মাধ্যমে জাতীয় বন ব্যবস্থাপনায় কার্যকর ভূমিকা রাখা।

বিস্তারিত উদ্দেশ্য সমূহ:

- রেড লিষ্ট গাইডলাইন-এর আলোকে ১০০০টি বৃক্ষ/ভাস্কুলার উদ্ভিদ প্রজাতির বর্তমান সংরক্ষণ অবস্থা যাচাই এবং রেড লিস্ট ক্যাটাগরি নিরূপন করা;
- ১০০০টি উদ্ভিদ প্রজাতির সংরক্ষণ সংক্রান্ত তথ্য সংগ্রহ করে দেশের জীববৈচিত্র্য সংরক্ষণে ভূমিকা রাখা এবং জাতীয় রেড লিস্ট প্রণয়নে দেশের সক্ষমতা বৃদ্ধি করা;
- বাংলাদেশের পাঁচটি সংরক্ষিত বনাঞ্চলের (সুন্দরবন পূর্ব বন্যপ্রানী অভ্যায়ারন্য, মধুপুর জাতীয় উদ্যান, রেমা-কালেঙ্গা বন্যপ্রানী অভ্যায়ারন্য, হিমছড়ি জাতীয় উদ্যান এবং কাপ্তাই জাতীয় উদ্যান) ভিনদেশী আগ্রাসী উদ্ভিদ জরিপের মাধ্যমে এদের কার্যকর নিয়ন্ত্রণ/ব্যবস্থাপনায় ভূমিকা রাখা ;

**প্রকল্পের মেয়াদ:** ০৩ বছর (২০২০-২০২৩)

**প্রাক্কলিত ব্যয়:** ৬৭৯ লক্ষ টাকা (আরপিএ: ৬৭৮ লক্ষ, জিওবি: ১.০ লক্ষ)

**অর্থায়নে:** বন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন টেকসই বন ও জীবিকা (সুফল) প্রকল্পের মাধ্যমে বিশ্বব্যাংক এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাস্তবায়নে**: বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

**কারিগরী সহায়তায়:** আইইউসিন, বাংলাদেশ কান্ট্রি অফিস।

**প্রকল্পের কাঙ্খিত ফলাফল** (Expected Outcome)

- বাংলাদেশের উদ্ভিদ প্রজাতির তথ্য অনুসন্ধানের মাধ্যমে তাদের বর্তমান সংরক্ষণ অবস্থা এবং বিদ্যমান বিলুপ্তির ঝুঁকি বিশ্লেষণ করে জীববৈচিত্র্য সংরক্ষণে সহায়তা করা;
- রেড লিস্ট যাচাইকরণের ফলাফলের ভিত্তিতে রেড লিষ্ট ইনডেক্স নিরুপন করা, দুই খন্ডের পুস্তক প্রকাশ করা এবং অনলাইন ডাটাবেজে সংরক্ষরণের মাধ্যমে ব্যবহারকারীদের জন্য ফলাফল উন্মুক্ত করে দেয়া;
- নির্বাচিত সংরক্ষিত বনাঞ্চলের ভিনদেশী আগ্রাসী উদ্ভিদ নিয়ন্ত্রণের কৌশলপত্র প্রণয়নের মাধ্যমে জাতীয় বন ব্যবস্থাপনায় সহায়তা করা।

- ভিনদেশী আগ্রাসী উদ্ভিদ জরিপের মাধ্যমে এদের কার্যকর নিয়ন্ত্রণ/ব্যবস্থাপনার উদ্দেশ্যে পাঁচটি সংরক্ষিত বনাঞ্চলের ভিনদেশী আগ্রাসী উদ্ভিদ নিয়ন্ত্রণ কৌশলপত্র পুস্তক আকারে প্রকাশ করা।
- দেশের জীব-বৈচিত্র্য সংরক্ষণে এবং ভিনদেশী আগ্রাসী উদ্ভিদ নিয়ন্ত্রণে জন-সচেতনতা বৃদ্ধির মাধ্যমে জনগণের কার্যকরী অংশগ্রহণ নিশ্চিত করা।

# বাস্তবায়ন অগ্রগতি (২৬ জানুয়ারি ২০২১ পর্যন্ত):

উক্ত প্রোগ্রামের আওতায় নিম্নোক্ত ডেরিভারেবল সমূহ প্রদানের সুযোগ রয়েছে এবং আইইউসিএন ত্রৈমাসিক রিপোর্টসহ আগামী ০৩ বছরের মধ্যে সর্বমোট ১৪ টি রিপোর্ট প্রদান করবেন।

**Deliverables:**

***Sub-component A: Developing Bangladesh National Red List of Plants***

1. Red List Assessment framework and implementation plan;
2. Formulate the required Red List Assessment Groups (RAGs);
3. Pool of international standard red list trainers;
4. Prepare a detailed Plant Red List Index and updated CITES List of plants;
5. Plant Red List Assessment Books (Final edited and designed soft copy and draft hard copies of the Books) and DVD.

***Sub-component B: Developing Management Strategy of Invasive Alien Species (IAS) of Plants in Selected Protected Areas (PAs)***

1. Identified IAS of Plants, their extent of distribution and pattern of occurrence and associated impacts on local forest biodiversity for the selected Protected Areas;
2. Formulate a set of recommendations to build cost effective mechanism of preventing and/or controlling spread of IAS of Plants in Bangladesh;
3. Soft copy and edited and designed draft hard copy of final books of Integrated IAS of Plants Management Plan for the selected Protected Areas with a set recommendation to build cost effective mechanism of preventing and/or controlling spread of IAS of Plants in Bangladesh (4 color daft printed books with printable format for press and PDF format).

উপরোক্ত ডেরিভারেবল সমূহের মধ্যে আইইউসিএন রেডলিস্টের ১,২, এবং ৩ নং ডেরিভারেবল সম্পন্ন করেছেন এবং জানুয়ারী ২০২১ এর মধ্যে ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের মাধ্যমে বিষয়গুলো বিস্তারিত রিপোর্ট করবেন। আগামী মার্চ ২০২১ মাসের মধ্যে ৩য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের মাধ্যমে ১০০ টি উদ্ভিদ প্রজাতির রেডলিষ্ট এসেসমেন্ট সম্পন্ন করে জমা দিবেন।

আইএএস কার্যক্রমের মধ্যে আইএএস সার্ভে মেথডোলজি চূড়ান্ত করেছেন, মেথডোলজি ভেলিডেশন ওয়ার্কসপ করেছেন, ফিল্ড সার্ভেয়ারদের প্রয়োজনীয় ট্রেনিং সম্পন্ন করেছেন এবং ০৫ টি প্রোটেকটেড এরিয়ার প্রথম সার্ভে কার্যক্রম নভেম্বর ২০২০ মাসে সম্পন্ন করেছেন।

বাস্তবায়ন অগ্রগতি: ১৪ টি রিপোর্টের মধ্যে দুইটি রিপোর্ট জমা দিয়েছেন। প্রকল্পের মোট মেয়াদের মধ্যে প্রথম বছরে ৩৩.৩৩% কাজ সম্পন্ন করার কথা, এই পর্যন্ত অগ্রগতি ১৪.২৮%

আর্থিক অগ্রগতি: আইইউসিএন এর সাথে হারবেরিয়ামের চুক্তি মূল্য ৬,০২,৮৮৩৬০ এর মধ্যে ২০২০-২১ অর্থ-বছরের জন্য প্রাক্কলিত ২১১.০০ লক্ষ টাকা আইইউসিএন ইতো:মধে ২য় এবং ৩য়  ইনসষ্টলমেন্টের মাধ্যমে ৬০,২৮,৮৩৬ টাকা প্রদান করা হয়েছে এবং ৪র্থ ইনস্টলমেন্ট প্রাপ্তির জন্য আগামী ২৮ জানুয়ারি ২০২১ তারিখে রিপোর্ট জমা দিবেন ।

এছাড়া ন্যাশনাল হারবেরিয়াম প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট ০৪ টি ক্রয় প্যাকেজের মাধ্যমে ই-জিপি সিস্টেমের মাধ্যমে প্রায় ৪১.০ লক্ষ টাকার ক্রয় পরিকল্পনা প্রণয়ন করেছিল। ০৪ টি প্যাকেজেরই টেন্ডার সম্পন্ন হয়েছে, এর মধ্যে ০৩ টি প্যাকেজের মাধ্যমে ২৯.২৬ লক্ষ টাকার ক্রয় প্রক্রিয়াকরণের জন্য NOA Issue করা হয়েছে, এবং কোন রেসপন্সিভ বিডার না পাওয়া যাওয়ায় ৮.১৩ লক্ষ টাকার একটি টেন্ডার পুণ: বিজ্ঞপ্তিতে যাবে। । ক্রয় প্রক্রিয়াকরণ অগ্রগতি ৭১%।

## বাজেট বাস্তবায়ন অগ্রগতি: ২০২০-২০২১

| Total Amount (In Lac BDT) | GOB (As Honarium) (In Lac BDT) | GOB Progress | RPA(Reimbursable Project Aid) (In Lac BDT) | RPA Progress (In Lac BDT) | Total Progress | Remarks |
|---|---|---|---|---|---|---|
| 260.45 | 0.60 | - | 259.85 | 61.52 (23.68%) | 23.62% | |